

ঢাকা ওয়াসা

নথি অফিস: ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখা: পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

মুদ্রনকারী: ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩৩.২৬.১৭৯.২৩ নথির বিষয়: Repair and Maintenance of boundary wall at north-west side of PSTP compound (Ch.- 0 + 140 km to Ch. 0 + 210 km)

নোট: ১ নোটের বিষয়: Repair and Maintenance of boundary wall at north-west side of PSTP compound (Ch.- 0 + 140 km to Ch. 0 + 210 km)

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১২/১০/২৩ ১২:৪৪ অপরাহ্ন

ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতা সম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুরে) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, ব্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিলোমিটার অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্রিনিংসহ বিভিন্ন মডুস জোন এর আওতাধীন ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্রের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুষ্ঠুভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৯৭২০/২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ে (সংযুক্তি-২) ৭ দফা নির্দেশনার মধ্যে ১নং নির্দেশনায় রায়ের কপি প্রাপ্ত হওয়ার দিন হতে পরবর্তী ২৪ মাসের মধ্যে লেগুন এলাকায় সীমানা দেয়াল নির্মাণ করার জন্য বলা হয়েছে। এবং ৩নং নির্দেশনায় লেগুন এলাকায় প্রয়োজনীয় সংখ্যক আনসার ও নিরাপত্তা রক্ষী নিয়োগ প্রদান করে সুষ্ঠু কার্যকর এবং নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য বলা হয়েছে। মহামান্য হাইকোর্টের উক্ত নির্দেশনা মোতাবেক পাগলা পয়ঃ শোধনাগারের চারপাশে সীমানা দেয়াল নির্মাণ কাজ শুরু করা হলে স্থানীয় জনপ্রতিনিধি ও এলাকার জনসাধারণ কর্তৃক পয়ঃ শোধনাগারের চারপাশে রাস্তা নির্মাণের লক্ষ্যে জায়গা ছাড়ার জন্য দাবি জানানো হয়। তাই জনস্বার্থে ঢাকা ওয়াসার পয়ঃ শোধনাগারের জায়গার চারপাশ দিয়ে রাস্তা নির্মাণের জন্য উক্ত এলাকায় ২০ ফুট করে জায়গা ছেড় দেয়া হয়। জনস্বার্থে ছেড়ে দেয়া জায়গা দিয়ে এলজিইডি কর্তৃক নির্মিত মুন্সিখোলা-রসুলপুর পাকারাস্তা রাস্তাটি কবরস্থান পর্যন্ত সম্প্রসারিত হয়েছে। পাগলা পয়ঃ শোধনাগারের চারপাশে সীমানা দেয়ালের গ্রেড বীমের নীচে ৩ফুট/৪ফুট ফাঁকা রয়েছে। পাগলা পয়ঃ শোধনাগারের চারপাশে ২০ ফুট করে ছেড়ে দেয়া জায়গায় মাটি ভরাট করে রাস্তা নির্মাণ করা হয়। তাই রাস্তার জন্য ভরাটকৃত মাটির চাপ সীমানা দেয়ালের উপর পড়লে সীমানা দেয়াল হেলে পড়ে যাওয়ার সম্ভবনা থাকে। সম্ভবতঃ সে কারণেই সীমানা দেয়ালের গ্রেড বীমের নীচে ফাঁকা রাখা হয়েছে। সীমানা দেয়ালের বাইরে যে অংশে এখনো রাস্তা নির্মাণ করা হয়নি সে স্থান দিয়ে বহিরাগত লোকজন সীমানা দেয়ালের নিচের ফাঁকা অংশ দিয়ে পয়ঃ শোধনাগারের অভ্যন্তরে প্রবেশ করে লেগুন এলাকায় আড্ডা দেয়। সীমানা দেয়ালের নিচের ফাঁকা অংশ দিয়ে ছাগল নিয়ে এসে স্থানীয় লোকজন কর্তৃক লেগুন এলাকায় ছাগল চড়ানো হয়। ফলে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক পাগলা পয়ঃ শোধনাগারের নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। পাগলা পয়ঃ শোধনাগারের সীমানা দেয়ালের গ্রেড বীমের নিচের ফাঁকা অংশ বন্ধ করা হলে বহিরাগত লোকজনের অনুপ্রবেশ বন্ধ হবে এবং নিরাপত্তা ব্যবস্থাও জোরদার করা সহজ হবে। এছাড়া মহামান্য হাইকোর্টের প্রদত্ত রায়ের ৩নং নির্দেশনায় লেগুন এলাকায় নিছিন্ন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার বিষয়ে আরও একধাপ এগিয়ে যাওয়া সম্ভব হবে। বিধায়, জরুরী ভিত্তিতে সীমানা দেয়ালের নিচের ফাঁকা অংশ বন্ধ করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১২/১০/২৩ ১২:৪৮ অপরাহ্ন

সেই লক্ষ্যে “Repair and Maintenance of boundary wall at north-west side of PSTP compound (Ch.- 0 + 140 km to Ch. 0 + 210 km).” শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী উপস্থাপন করা হ’ল। পিডব্লিউডি-২০২২ সালের রেট সিডিউল অনুসরণে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৪,৯৯,৫৯১.৩৮ (চার লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত একানব্বই দশমিক তিন আট) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের চলতি ২০২৩-২০২৪ ইং অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “Head-M: Boundary wall maintenance” খাতের সিরিয়াল নং-54, Package No-W 18 এ অন্তর্ভুক্ত রয়েছে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১২/১০/২৩ ১২:৫১ অপরাহ্ন

আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৬১(১) অনুসরণে Open Tendering Method (OTM) এ e-GP প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASAকে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহবান, চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

- ১। ২০২৩-২০২৪ইং অর্থবছরের অত্র বিভাগের বার্ষিক ক্রয়-পরিকল্পনার অনুমোদিত ফটোকপি।.pdf
 ২। মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং ৯৭২০২০১১ এর প্রেক্ষিতে প্রদত্ত রায়ে রূপি।.pdf
 ৩। প্রাক্কলন।
 ৪। প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১২/১০/২৩ ১২:৫৪ অপরাহ্ন

এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের “Repair and Maintenance of boundary wall at north-west side of PSTP compound (Ch.- 0 + 140 km to Ch. 0 + 210 km).” শীষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৬১ ধারায় উন্মুক্ত দরপত্র পদ্ধতি ১ উপ-বিধি মোতাবেক (OTM e-GP) তে দরপত্র আহবান এর অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪,৯৯,৫৯১.৩৮ (চার লক্ষ নিরানব্বই হাজার পাঁচশত একানব্বই দশমিক তিন আট) টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বরাদ্দকৃত প্রাক্কলিত বাজেটের Boundary wall maintenance খাতের (কোড ০১-০৪-০০৫) হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

১২/১০/২৩ ১২:৫৮ অপরাহ্ন
 মোঃ আব্দুস সালাম
 উপ-সহকারী প্রকৌশলী
 পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১২/১০/২৩ ৩:০৬ অপরাহ্ন
 মোঃ হাসিবুল হাসান
 সহকারী প্রকৌশলী
 পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১২/১০/২৩ ৪:০৭ অপরাহ্ন
 মোঃ রাহাত শিকদার
 নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
 পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১২/১০/২৩ ৪:০৭ অপরাহ্ন
 মিজা গোলাম কিবরিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ১২/১০/২৩ ১০:২৪ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.3

১২/১০/২৩ ১০:২৪ অপরাহ্ন
 মিজা গোলাম কিবরিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল

১২/১০/২৩ ১০:২৪ অপরাহ্ন
 মোঃ কামরুল হাসান
 প্রধান প্রকৌশলী
 প্রধান প্রকৌশলী (পরিচালন ও
 রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ১৪/১০/২৩ ১২:১৬ অপরাহ্ন

অনুমোদিত

১৪/১০/২৩ ১২:১৭ অপরাহ্ন
 মোঃ কামরুল হাসান
 প্রধান প্রকৌশলী
 প্রধান প্রকৌশলী (পরিচালন ও
 রক্ষণাবেক্ষণ)

১৪/১০/২৩ ১২:১৭ অপরাহ্ন
 মোঃ রাহাত শিকদার
 নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
 পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

অনুচ্ছেদ ১.৬ - তারিখঃ ১৫/১০/২৩ ৮:১৫ পূর্বাহ্ন

পত্রিকায় দরপত্র আহবানের ব্যবস্থা নিন।

১৫/১০/২৩ ৮:১৬ পূর্বাহ্ন
 মোঃ রাহাত শিকদার
 নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
 পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১৫/১০/২৩ ৮:২৬ অপরাহ্ন
 মোঃ হাসিবুল হাসান
 সহকারী প্রকৌশলী
 পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

১৫/১০/২৩ ৮:২৮ অপরাহ্ন
 মোঃ আব্দুস সালাম
 উপ-সহকারী প্রকৌশলী
 পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা